নমুনা প্রশ্ন

জে এস সি পরীক্ষা -২০১৪ বিষয় কোড: ১০১

**বিষয়: বাংলা ১ম পত্র**

সময় : ২ ঘন্টা ১০মিনিট পূর্ণমান : ৬০ নম্বর

(দ্রষ্টব্য : ক বিভাগ গদ্য থেকে ১টি খ বিভাগ কবিতা থেকে ১টি এবং সহপাঠ থেকে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে ভাষারীতির মিশ্রণ দূষণীয় )

**ক বিভাগ-গদ্য**

১. উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

আরিফ রিক্সা চালিয়ে জীবিকা নির্বাহ করে। একবার এক আরোহীকে গন্তব্যে দিয়ে-সে বিশ্রাম নিচ্ছিল। হঠাৎ রিক্সায় চোখ পড়তেই সে দেখতে পেল একটি মানিব্যাগ পড়ে আছে। ব্যাগে অনেক ডলার। কোন ঠিকানা পাওয়া গেল না। সে সন্ধ্যা পর্যন্ত অপেক্ষা করল। নিরুপায় হয়ে সে পত্রিকার অফিসে গিয়ে সম্পাদককে একটি বিজ্ঞপ্তি ছাপিয়ে দেওয়ার অনুরোধ জানায়।

ক. 'পড়ে পাওয়া' কী ধরনের রচনা ? ১

খ. 'ওর মতো কত লোক আসবে, বিধুর কথাটির অর্থ বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের আরি কে কোন যুক্তিতে বিধুদের সঙ্গে তুলনা করা যায় ? বুঝিয়ে লেখো। ৩

ঘ. 'কলেবরে ক্ষুদ্র হলেও আরিফ চরিত্রটি 'পড়ে পাওয়া' গল্পের মূল সুরকেই ধারণ করে আছে, মূল্যায়ন করো। ৪

২। উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

ধনধান্য পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা;
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের
সেরা;
ও সে স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ স্মৃতি দিয়ে ঘেরা;
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি।

ক. স্বত্ত্বগুণের প্রধান শত্রু কোনটি ? ১

খ. 'বাংলা সর্ব ঐশীশক্তির পীঠস্থান' বলতে কী বোঝানো হয়েছে ? ২

গ. উদ্দীপকটি 'বাঙালির বাংলা' প্রবন্ধের যে দিকটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের বক্তব্য বিষয় উপস্থাপনই কি কাজী নজরুল ইসলামের মূল লক্ষ্য ? 'বাঙালির বাংলা' প্রবন্ধের আলোকে যুক্তি দাও। ৪

৩। উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

জনতা জাগানো নেতারা জনগণকে সৃষ্টি করতে পারে, আবার নষ্ট করতে পারে। ১৯৭১-এর মার্চে শেখ মুজিবুর সৃষ্টি করেছিলেন শুভ দাবানল, শুভ প্লাবন, শুভ আগ্নেয়গিরি, নতুনভাবে সৃষ্টি করেছিলেন বাঙালি মুসলমানকে, যার ফলে আমরা স্বাধীন হয়েছিলাম।

ক. শেখ মুজিবকে 'বঙ্গবন্ধু' উপাধিটি কত তারিখে দেওয়া হয় ? ১

খ. বঙ্গবন্ধু কেন প্রত্যেক ঘরে ঘরে দূর্গ গড়ে তুলতে বলেছিলেন ? ২

গ. 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' ভাষণে উদ্দীপকের কোন দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ১৯৭১-এ যে শুভ দাবানল সৃষ্টির কথা বলা হয়েছে, 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' ভাষণের আলোকে তা বিশ্লেষণ করো। ৪

**খ বিভাগ-কবিতা**

৪। উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

অংশঃ ১

আমি কারে কিবা বলি ওরে/ দিশে না মেলে।
লোকে বলে লালন ফকির/ কোন জাতের ছেলে!
ছেদদন্ড জড়ায়ে ধরে/ এক একেশ্বর সৃষ্টি করে।/ আগাম-

নিগাম চরাচরে/ তাইতে জাত ভিন্ন বলে।
জগৎ জুড়ে জাতের প্রমাণ/ হিন্দু, যবন, বৌদ্ধ, খ্রিষ্টান।/
তাতে কি হয় জাতের প্রমাণ/ শাস্ত্র খুঁজিলে ?

অংশ ঃ ২
সব লোকে কয় লালন কী জাত সংসারে।/ লালন
কয়, জাতের কী রূপ, দেখলাম এ নজরে।? কেউ
মালা, কেউ তসবি গলায়,/ তাইতে কী জাত ভিন্ন বলায়,/
যাওয়া কিংবা আসার বেলায়/ জাতের চিহ্ন রয় কার রে
লালন সে জাতের ফাতা/ বিবিয়েছে সাত বাজারে।।

ক. লালন শাহ কী জাতীয় কবি ? ১
খ. 'যাওয়া কিংবা আসার বেলায়/ জাতের চিহ্ন রয় কার রে' কথাটি ব্যাখ্যা করো। ২
গ. অংশ ১-এর সঙ্গে অংশ ২-এর জাত শব্দটির সম্পর্কগত সাদৃশ্য তুলে ধরো। ৩
ঘ. উদ্দীপক দুটিতে লালন ফকির কীভাবে মানবধর্মের জয়গান করেছেন, বিশ্লেষণ করো। ৪

৫। উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

হে বঙ্গ, ভান্ডারে তব বিবিধ রতন।
তা সবে,(অবোধ আমি) অবহেলা করি
পর-ধন লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।
কাটাইনু বহু দিন সুখ পরিহরি।

ক. মক্ষিকা কোথায় পড়লে গলে না ? ১
খ. 'আমর করিয়া বর দেহ দাসে'-কবি একথা বলেছেন কেন ? ২
গ. উদ্দীপকে প্রবাসজীবনে স্বপ্নভঙ্গের যে পরিচয় পাওয়া যায়, তা 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কীভাবে ফুটে উঠেছে ? ৩
ঘ. উদ্দীপকটি 'বঙ্গভূমির প্রতি' কবিতার মর্মবাণীকেই যেন ধারন করে আছে ।- এ ব্যাপারে তোমার অভিমত বিশ্লেশণ করো। ৪

৬। উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

গরিব ঘরের মেয়ে বাসন্তি। বাবা তাকে রেখে ঢাকায় গেলেন, এক বড়লোকের বাড়িতে কাজ করার জন্যে। এই বড় বাড়ির মানুষদের হৃদয়ও ছিল বড়। তাঁরা মেয়েটিকে কাজের পাশাপাশি লেখাপড়া শেখালেন। তার বেতনের টাকা ব্যাংকে জমানোর ব্যবস্থা ও করে দিলেন। কিছুদিন পর মেয়েটি তার বাবাকে চমৎকার একটি চিঠি লিখে তার বাবার কাছে জানাল। চিঠি পড়ে শহরের মানুষ সম্পর্কে বাসন্তির বাবার ধারণাই পরিবর্তিত হয়ে গেল ।

ক. 'দুই বিঘা জমি' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত ? ১
খ. উপেনের জমি কীভাবে হাতছাড়া হলো ? ২
গ. উদ্দীপকের সঙ্গে 'দুই বিঘা জমি' কবিতার কাহিনির অমিল তুলে ধরো। ৩
ঘ. জমিদারের শোষণ নয়, সহানুভূতিই উপেনকে একটি সুখী জীবন উপহার দিতে পারত।- উদ্দীপকের আলোকে উক্তিটির সত্যতা নিরূপণ করো। ৪

## গ বিভাগ-আনন্দপাঠ

৭। উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে, বনের পাখি ছিল বনে।
একদা কী করিয়া মিলন হল দোঁহে, কী ছিল বিধাতার মনে।
বনের পাখি বলে, 'খাঁচার পাখি ভাই, বনেতে যাই দোঁহে মিলে'।
খাঁচার পাখি বলে, 'বনের পাখি আয়, খাঁচায় থাকি নিরিবিলি।'
বনের পাখি বলে, 'না, আমি শিকলে ধরা নাহি দিব।'
খাঁচার পাখি বলে, 'হায়, আমি কেমনে বনে বাহিরিব।'

ক. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমারের নাম কী ? ১
খ. রাজকুমারকে টম তার জীবন সম্পর্কে কী বলল ? ২

গ. উদ্ধৃত কবিতাংশের খাঁচার পাখি ও বনের পাখির সঙ্গে রাজকুমার ও ভিখারির ছেলের মানসিকতার পার্থক্য তুলে ধরো। ৩

ঘ. উদ্দীপক ও 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের শিক্ষা এক সূত্রে গাঁথা-কীভাবে ? বিশ্লেষণ করো। ৪

৮। উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

সড়ক দুর্ঘটনায় আহত রাজীবকে সেবা শুশ্রূষা করে সারিয়ে তোলেন ইমরান সাহেব। রহিমের আর্থিক দুরবস্থার কথা জানতে পেরে তাকে নিজের বাসায় কাজের লোক হিসেবে রেখে দেন তাঁর বাড়িতে। কয়েক মাস পরে ইমরান সাহেবের বাড়ি থেকে অর্থ আত্মসাৎ করে পালিয়ে যায় রাজীব।

ক. কত বছর পর রবিনসন নিজের দেশে ফিরে এলো ? ১

খ. অজানা দ্বীপে রবিনসন কীভাবে তার পোশাকের ব্যবস্থা করল ? ২

গ. উদ্দীপকের রাজীব এবং 'রবিনসন ক্রুশো' গল্পের ফ্রাইডের মধ্যে তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. রবিনসন ক্রুশো উদ্দীপকের ইমরান সাহেবের চেয়ে সচেতন ও বুদ্ধিমান ছিল। উদ্দীপক ও 'রবিনসন ক্রুশো' গল্প অনুসারে উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৯। উদ্দীপকটি পড় ও নিচের প্রশ্নোগুলোর উত্তর দাও :

টিনা ও মিনা ভাল বন্ধু। টিনা তার কিছু প্রিয় কয়েকটি খেলনা পুতুল মিনাকে রাখতে দিয়ে কক্সবাজারে বেড়াতে যায়। চারদিন পর ফিরে এসে টিনা মিনার কাছে ফেরত চাইতে গেলে সে একটি পুতুল কম দেয়।

ক. নাজিম কলসিটি কোন ঘরে রেখেছিল ? ১

খ. নাজিম টটকা জলপাই দিয়ে কলসিটি ভরে রাখে কেন ? ২

গ. উদ্দীপকের মিনা চরিত্রটি 'কিশোর কাজি' গল্পের নাজিম চরিত্রটিকে অনুসরণ করে কি ? -ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'কিশোর কাজি' গল্পের সাথে কতটুকু সঙ্গতিপূর্ণ তার যথার্থতা নির্ণয় করো। ৪

# নমুনা প্রশ্ন

## জে এস সি পরীক্ষা -২০১৪

| বিষয় কোড | ১ | ০ | ১ |
|---|---|---|---|

### বিষয় : বাংলা (আবশ্যিক) ১ম পত্র (বহুনির্বাচনি)

সময় : ৪০ মিনিট পূর্ণমান : ৪০

[সরবরাহকৃত উত্তরপত্রের বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তটি খাতায় লেখ। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। কয়েকজন বালক কিসের আলোতে বসে খেলা করছিল?
ক. সূর্যের আলো খ. বৈদ্যুতিক আলো
গ. তারার আলো ঘ. চাঁদের আলো

২। রাজকুমারকে সাহায্য করছিল –
i. ফাদার এন্ড্রু
ii. সৈনিক
iii. জন ক্যান্টি
নিচের কোনটি সঠিক?
ক. i খ. i , ii
গ. i , iii ঘ. i, ii ও iii

৩। নিঝুম দ্বীপে রবিনসনকে কতদিন কাটাতে হয়েছিল?
ক. তেইশ দিন খ. পচিঁশ দিন
গ. আটাশ দিন ঘ. ত্রিশ দিন

৪। সোহরাব দ্বন্দ্ব যুদ্ধে রোস্তমকে আহ্বান করলেন কেন?
ক. বীরত্ব দেখানোর জন্য খ. পিতার সাথে সাক্ষাতের জন্য
গ. হত্যা করার জন্য ঘ. নিজেকে যাচাই করার জন্য

৫। শাইলকের মেয়ের নাম কী ?
ক. পোর্শিয়া খ. জেসিকা
গ. নেরিসা ঘ. গ্রেসিয়া

৬। 'রিপভ্যান উইংকল' গল্পটির মূল রচয়িতা কে?
ক. ফখরুজ্জামান চৌধুরী খ. ওয়াশিংটন আরভিং
গ. শামসুর রাহমান ঘ. শেক্সপিয়ার

৭। দশরথ যজ্ঞ করার জন্য কাকে নিয়ে আসেন?
ক. জনক খ. বিশ্বামিত্র
গ. গৌতম ঘ. ঋষ্যশৃঙ্গ

৮। পাখোম শয়তানকে পরোয়া করবে না কেন ?
ক. জমি পেলে খ. টাকা পেলে
গ. বাড়ি পেলে ঘ. ফসল পেলে

৯। দশরথের রাজ্যে কি ছিল না?
ক. চোর ডাকাত খ. দস্যু ডাকাত
গ. গুণ্ডা বদমাইশ ঘ. ভালো মানুষ

১০। রুদাবা কার কন্যা ছিল ?
ক. পরীচেহেরের খ. রাজা মেহেরাবের
গ. মনুচেহেরের ঘ. ইরিজির

১১। 'ও আমার অতিথি' ওকে পেট ভরে খেতে দিও।' এ উক্তিটি কাকে উদ্দেশ্য করে করা হয়েছে?
ক. চাকরকে খ. মালি বউকে
গ. চিকিৎসককে ঘ. বামুন ঠাকুরকে

১২। 'পড়ে পাওয়া' গল্পে কোন অঞ্চলের আমকে বিখ্যাত বলা হয়েছে?
ক. অম্বর পুরের খ. জয়পুরের
গ. চাঁপাতলীর ঘ. নির্বিষখোলার

১৩। আমাদের বাংলা –
i. নিত্য মহিমাময়ী
ii. নিত্য সুন্দর
iii. নিত্য পবিত্র
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. iii ঘ. i, ii ও iii

১৪। নগেনের মামার তৈল চিত্রটি দেওয়ালের কোথায় ছিল?
ক. ডান পাশে খ. বাম পাশে
গ. মাঝা মাঝি ঘ. ওপরে

১৫। লাইব্রেরির পুরানো ক্যালেন্ডারে চৈত্র মাসের কত তারিখ উল্টানো ছিল?
ক. ১৫ তারিখ খ. ১৪ তারিখ
গ. ১৩ তারিখ ঘ. ১২ তারিখ

১৬। শতশত বছর পূর্বের পাল বা কুমোরদের কারিগরি বিদ্যা ও শিল্পমনের পরিচয় পাওয়া যায় কিসে?
ক. কাপড়ের পুতুলে খ শীতল পাটিতে
গ. মাটির হাড়ি, পাতিলে ঘ. প্রতীকধর্ম মাটির টেপাপুতুলে

১৭। সারাদিন বনে কাঠ কাটে ও পরিশ্রম করেও লোকটি সুখী কেন?
ক. জামা নেই বলে খ. বনের মধ্যে একা থাকে বলে
গ. ছেলে মেয়ে নেই বলে ঘ. ঘরে কিছু নেই বলে

১৮। আনন্দকে আমরা কিভাবে অনুভব করি?
ক. চোখ দিয়ে খ. নাসিকা দিয়ে
গ. হাত দিয়ে ঘ. ইন্দ্রিয় সকলের সাহায্যে

১৯। মায়ানমারের জাতীয় পোশাক হলো-
i. লুঙ্গি, শার্ট, বর্মি, কোট
ii. মাথায় বর্মি টুপি
iii. পায়ে দুই ফিতার স্যান্ডেল
ক. i খ. ii
গ. ii, iii ঘ. i , ii ও iii

২০। আমানিও কি ধরণে অনুষ্ঠান?
ক. জাতীয় খ. আঞ্চলিক
গ. মাঙ্গলিক ঘ. আঞ্চলিক ও মাঙ্গলিক

২১. গৌড় প্রাকৃতের পরিণত অবস্থা কোনটি?
ক. অপভ্রংশ খ. গৌড় অপভ্রংশ
গ. মাগধী অপভ্রংশ ঘ. বাংলা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি
রাজার হস্ত সমস্ত কাঙালের ধন করে চুরি।

২২। উপরের উদ্দীপকের সঙ্গে নিচের কোন চরিত্রটির মিল আছে?

ক. নগেনের খ. মোড়লের
গ. রহমতের ঘ. বিধুর

২৩। অতিরিক্ত লোভ মানুষের কি ডেকে আনে?

ক. পরাজয় খ. মৃত্যু
গ.সফলতা ঘ. ব্যর্থতা

২৪। 'আমরা যখন মরতে শিখেছি' আমরা বলতে কাদের বোঝানো হয়েছে?

ক. বঙ্গবন্ধুর পরিবারকে খ. আওয়ামীলীগকে
গ. বাঙ্গালীদেরকে ঘ. সৈনিকদেরকে

২৫। ভাষা সম্পর্কে কত বছর আগেও মানুষের স্পষ্ট ধারণা ছিল না?

ক. একশত খ. দুইশত
গ. তিনশত ঘ. পাঁচশত

২৬। লালনশাহ কোন ভিন্নতার কথা বিশ্বাস করেণ না?

ক. মানুষ জাত সম্পর্কে খ. ধর্মভেদ সম্পর্কে
গ. নিজ ধর্ম সম্পর্কে ঘ. মানুষের জাত ও ধর্মভেদ সম্পর্কে

২৭। 'জীব তারা যদি খসে।' আলোচ্য অংশটি দ্বারা কি বোঝানো হয়েছে?

ক. জীবন থেকে যদি তারা খসে যায়
খ. আকাশ থেকে তারা পড়ে যায়
গ. দেহ থেকে প্রাণ ত্যাগ করা
ঘ. স্বদেশ থেকে বিতাড়িত হওয়া

২৮। "আঁখি করি লাল রাজা ক্ষণকাল রহিল মৌনভাবে; এ বাক্যে রাজা বলতে কাকে বোঝানো হয়েছে?

ক. সৃষ্টিকর্তাকে খ. উপেনকে
গ. দেশের রাজাকে ঘ. জমিদারকে

২৯। মানুষের কল্যাণে মহৎ কাজ করতে হলে কি উপেক্ষা করতে হবে?

ক. মনের ইচ্ছা খ. মনোবল
গ. যন্ত্রণার ঘ. ভয় ও সংকোচ

৩০। মানব সভ্যতা নির্মাণে নারীরা দিয়েছে –

i. প্রেরণা
ii. শক্তি
iii. অর্থ

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i , ii
গ. i , iii ঘ. i, ii ও iii

৩১। নারী কবিতাটি কোন কাব্য থেকে নেওয়া হয়েছে?

ক. অগ্নিবীণা খ. সাম্যবাদী
গ. দোলন চাঁপা ঘ. চক্রবাক

৩২। কবি জীবননান্দ দাশ এদেশকে কিসের দেশ বলেছেন?

ক. কাকের খ. শালিকের
গ. লক্ষীপেচাঁর ঘ. নবান্নের

৩৩। 'এত ফুল এত পাখি, এত সুর, এত কুঞ্জ আর কোথাও নেই' উদ্দীপকটির সঙ্গে নিচের কোন চরণটির মিল আছে?

ক. ছায়া সুনিবিড় শান্তির নীড় ছোট ছোট গ্রামগুলি
খ. জলাঙ্গীর ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙ্গা
গ. চখায় মুখর বালুর চরা হাসে কতই তীরে
ঘ. সুবাস ফুলের বুনোট করা বনের লিপিখানি

৩৪। কানাই বেড়াতে চেয়েছে–

i. মেঘনা
ii. পদ্মা
iii. শোন

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i , ii
গ. i , iii ঘ. i, ii ও iii

৩৫। কবি সুফিয়া কামাল কিসের আনন্দ আনতে বলেছেন?

ক. দেশের খ. পৃথিবীর
গ. মানুষের ঘ. আত্মার

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৩৬ ও ৩৭ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

আপনার লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনী পরে
সকলের তরে সকলে আমরা
প্রত্যকে আমরা পরের তরে।

৩৬। উপরের উদ্দীপকের সঙ্গে নিচের কোন কবিতার ভাবগত মিল আছে?

ক. বঙ্গভূমির প্রতি খ. একুশের গান
গ. প্রার্থী ঘ. মানব ধর্ম

৩৭। উদ্দীপকটি পড়ে আমরা কোন বিষয় শিক্ষা লাভ করতে পারি?

ক. মানুষের প্রতি ভালোবাসা
খ. দুঃখ দুর্দশায় জর্জরিত মানুষের প্রতি অবহেলা
গ. শিশুদের কল্যাণে কাজ করা
ঘ. প্রত্যেককে সম্পদশালী করা

৩৮। মাটি কিসের পানে চেয়ে থাকে?

ক. আকাশের খ. নদীর
গ. বৃষ্টির ঘ. অরণ্যের

৩৯। একুশে ফেব্রুয়ারিকে কিসে রাঙানো বলা হয়েছে?

ক. আকাশের খ. নদীর
গ. বৃষ্টির ঘ. অরণ্যের

৪০। মালী বউ অতিথিকে তাড়িয়ে দিল, কারণ–

i. অতিথি তার খাবারে ভাগ বসিয়ে ছিল
ii. অতিথি দেখতে বিশ্রী ছিল বলে
iii. অতিথির কারণে মালি বউয়ের খাবার কমে যাবে বলে

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i , ii
গ. i , iii ঘ. i, ii ও iii